রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

বৃহস্পতিবার, মার্চ ২৩, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ/২১ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৭৬-আইন/আয়কর/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 185 এ প্রদত্ত ক্ষমতাবলে, Income Tax Rules, 1984 এর নিম্নরূপ অধিকতর সংশোধনের প্রস্তাব করিয়া এতদ্দ্বারা উহা প্রাক-প্রকাশ করিল, যথা :—

উপরি-উক্ত Rules এর—

(ক) rule 14 এর পরিবর্তে নিম্নরূপ rule 14 প্রতিস্থাপিত হইবে, যথা :—

**"14. Manner of payment of tax deducted at source.**—The person responsible for making deduction or collection of tax under Chapter VII of the Ordinance shall pay the amount of tax so deducted or collected to the credit of the Government within the time specified in rule 13 by depositing it through automated challan (A-challan) or through electronic Payment (e-payment) specified by the Board.";

(খ) rule **26A** এর পরিবর্তে নিম্নরূপ rule **26A** প্রতিস্থাপিত হইবে, যথা :—

**"26A. Mode of payment of tax by the assessee.** —(1) Payment of taxes under any provision of the Ordinance and any other payments relating to any proceeding under the Ordinance shall be made by automatted challan (A-challan) or through electronic Payment (e-payment) specified by the Board.

(2) Payments under sub-rule (1) shall be made as follows—

(a) where any payment is made under section 64, on or before the dates specified in section 66;

(b) where any payment is made under section 74, on or before the date on which the return of income is filed;

(c) where any payment is made under any other provisions of the Ordinance, on or before the date specified in the demand notice.”।

২। উপরি-উক্ত সংশোধনী প্রস্তাব সম্পর্কে কাহারও কোনো আপত্তি বা পরামর্শ থাকিলে এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে অনধিক ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে উহা নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল এবং উক্ত সময়ের মধ্যে সংশোধনী প্রস্তাব সম্পর্কে কাহারও নিকট হইতে কোনো আপত্তি বা পরামর্শ পাওয়া গেলে জাতীয় রাজস্ব বোর্ড উহা বিবেচনাক্রমে প্রস্তাবিত সংশোধনী চূড়ান্ত করিবে এবং উক্ত সময়ের মধ্যে কাহারও নিকট হইতে কোনো আপত্তি বা পরামর্শ পাওয়া না গেলে উক্ত Ordinance এর section 185 এর sub-section (4) এর proviso অনুযায়ী এইরূপে প্রাক-প্রকাশিত প্রজ্ঞাপনটি চূড়ান্ত প্রকাশ বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**ড. সামস উদ্দিন আহমেদ**
সদস্য (কর নীতি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd